

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সহকারী প্রোগ্রামারের কার্যালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
গজারিয়া, মুন্সীগঞ্জ  
doict.gajaria.munshiganj.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৫৯২৪.০০০.৯৯.০০৪.২০-৮

তারিখ: ৮ ভাদ্র ১৪২৯  
২৩ অগাস্ট ২০২২

বিষয়ঃ গজারিয়া উপজেলার সকল দপ্তর/সংস্থা ও ইউনিয়ন পরিষদসমূহের ওয়েব পোর্টাল হালনাগাদকরণ সংক্রান্ত।


উপরে বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ১৩/০৮/২০২২ খ্রিঃ তারিখে গজারিয়া উপজেলার সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ বিষয়ক প্রশিক্ষণ উপজেলা পরিষদে অনুষ্ঠিত হয়, যেখানে পোর্টাল হালনাগাদকরণ কাজে সম্পৃক্ত সকল দপ্তরের কর্মকর্তা/ কর্মচারী অংশগ্রহণ করেন। একইসাথে গজারিয়া উপজেলার সকল ইউনিয়ন পরিষদের সচিব, হিসাব সহকারী এবং ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ বিগত ১৩/০৮/২০২২ খ্রিঃ তারিখে মান্যবর জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ মহোদয়ের সভাকক্ষে ওয়েব পোর্টাল হালনাগাদ বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। উভয়ক্ষেত্রেই প্রশিক্ষক হিসেবে এম্পায়ার টু ইনোভেট (এটুআই) এর মাস্টার ট্রেনিং পরিচালনা করেন। উক্ত প্রশিক্ষণের মাধ্যমে ওয়েব পোর্টালের নতুন ভার্সনে কাজ করতে সকল প্রকার বাধাসমূহ দূর হয়।

অতএব সকল দপ্তর প্রধান ও ইউনিয়ন পরিষদ সচিবদেরকে তার নিজ নিজ ওয়েব পোর্টাল যথাযথভাবে হালনাগাদ করতে অনুরোধ করা হল। যথাযথভাবে হালনাগাদের স্বার্থে দপ্তরসমূহকে <https://bangladesh.gov.bd/site/page/a3a8cd46-f9db-487b-bbac-4dbf13006a9b> লিংকে গিয়ে 'উপজেলা পর্যায়ে' অংশ হতে 'উপজেলা পর্যায়ের সরকারি অফিসের মেনু ও সেবাবক্স কাঠামো গাইডলাইন' এবং ইউনিয়ন পরিষদের জন্য 'ইউনিয়ন রিসোর্স সমূহঃ' অংশ হতে 'ইউনিয়ন পর্যায়ে পোর্টালের মেনু ও সেবাবক্স কাঠামো গাইডলাইন' অনুসরণ করে হালনাগাদ করার জন্য পরামর্শ প্রদান করা হল। ওয়েব পোর্টাল বিষয়ক যেকোন সমস্যা সমাধানের জন্য নিম্নস্বাক্ষরিত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করার জন্য বলা হল।

বিতরণঃ

১। উপজেলা ----- কর্মকর্তা,  
গজারিয়া, মুন্সীগঞ্জ।

২। সচিব, -----ইউনিয়ন পরিষদ।



(ওয়াহিদ-উজ-জামান)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

গজারিয়া, মুন্সীগঞ্জ

ফোন: ০১৯১১৫৭৭১৪০

ইমেইল: waheed-uz-zaman@doict.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৫৯২৪.০০০.৯৯.০০৪.২০-৮

তারিখ: ৮ ভাদ্র ১৪২৯  
২৩ অগাস্ট ২০২২

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ

৩। উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ

৪। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ

৫। অফিস কপি।



সহকারী প্রোগ্রামার

গজারিয়া, মুন্সীগঞ্জ